

ড. ভূপেন্দ্রনাথ দত্ত স্মৃতি মহাবিদ্যালয়ের বি.এ জেনারেল, পার্ট-২ এর সকল ছাত্রছাত্রীকে জানানো হচ্ছে যে প্রত্যেকে পরিষ্কার ভাবে উত্তরপত্রের প্রথম পাতায় নিজের নাম, ইউনিভার্সিটি রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, ইমেল আইডি ও মোবাইল ফোন নম্বর লিখবে ও যথাযথ সংক্ষেপে উত্তর লিখে সেগুলিকে ছবি তুলে অথবা পি ডি এফ আকারে 124bengalioldpart2@gmail.com এই মেল আইডিতে মেল করবে। মেল পাঠানোর শেষ তারিখ ২/১২/২০২০।

ড. ভূপেন্দ্রনাথ দত্ত স্মৃতি মহাবিদ্যালয়
বি.এ জেনারেল পার্ট - ২ (১+১+১)
পুরাতন পাঠক্রম

তৃতীয় পত্র

পূর্ণমান - ৫০

১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ × ৫ = ১০

ক). 'ইন্দিরা' উপন্যাস কত খ্রিস্টাব্দে কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

খ). "সে ফর্দ ছিল দশ পাতা লম্বা।" - কোন্ রচনার অংশ? এখানে কোন্ ফর্দের কথা বলা হয়েছে?

গ). পোস্টমাস্টার যে গ্রামে চাকরি করতে আসেন সেই গ্রামের নাম কি?

ঘ). 'নিশীথে' গল্পের বক্তার নাম কি? তিনি কাকে কখন কাহিনিটি বলেছেন?

ঙ). পিয়ারা কোন্ নাটকের চরিত্র? কোন্ লেখকের লেখা?

চ). 'পুঁইমাচা' গল্পে সহায়হরির স্ত্রী ও কন্যাদের নাম উল্লেখ করো।

ছ). 'মেঘ ও রৌদ্র' গল্পের সূচনায় গিরিবালার বয়স কত ছিল? তার বাবার নাম কি?

জ). ভিখু শেষবার কোথায় ডাকাতি করতে যায়? সেটা কোন্ মাস ছিল?

২। যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫ × ৪ = ২০

ক). “জীবনে এমন কত বিচ্ছেদ, কত মৃত্যু আছে, ফিরিয়া ফল কী। পৃথিবীতে কে কাহার।” –
কোন গল্পের অন্তর্গত? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা কর।

খ). ‘সাজাহান’ নাটকে দিলদার একটি বিশিষ্ট টাইপ চরিত্র – সংক্ষেপে আলোচনা কর।

গ). “একা শকুন্তলা শকুন্তলার এক-তৃতীয়াংশ” – কার উক্তি? কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর।

ঘ). লোকশিক্ষায় কথকতার ভূমিকা কি? আজ কথকতা নেই কেন?

ঙ). “...তাহা প্রাগৈতিহাসিক, পৃথিবীর আলো আজ পর্যন্ত তাহার নাগাল পায় নাই, কোনোদিন
পাইবেও না।” – কাকে প্রাগৈতিহাসিক বলা হয়েছে? কেন বলা হয়েছে তা আলোচনা কর।

চ). “মরুভূমির মধ্যে আর একবার মরীচিকা দেখিতে লাগিলাম। তৃষ্ণা যখন বুক পর্যন্ত তখন
চোখের সামনে কূল পরিপূর্ণ স্বচ্ছ জল ছলছল ঢলঢল করিতে লাগিল।” – কার উক্তি? এই
উক্তির আলোকে তার মনের পরিচয় পরিস্ফুট কর।

৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ × ২ = ২০

ক). ‘আদাব’ ছোটগল্পে দাঙ্গা, জাতি বৈষম্যের ঊর্ধ্বে সাম্প্রদায়িক সম্প্রীতির চিত্র কতটা পরিস্ফুট
হয়েছে তা আলোচনা কর।

খ). ‘আমাদের ভাষা সংকট’ প্রবন্ধে প্রমথ চৌধুরী কোন্ সংকটের কথা উল্লেখ করেছেন? সেই
সংকট থেকে বেরিয়ে আসার কি পরামর্শ দিয়েছেন আলোচনা কর।

গ). কোনো কোনো সমালোচকের অভিমত ‘সাজাহান’ নাটকে সাজাহান প্রধান চরিত্র হলেও নিষ্ক্রিয়
চরিত্র – এই প্রসঙ্গে তোমার অভিমত আলোচনা কর।

ঘ). “জেলের মধ্যে মিথ্যাবাদী কৃতঘ্ন কাপুরুষের সংখ্যা অল্প, কারণ স্থান পরিমিত – বাহিরে অনেক
বেশি।” – কে কাকে একথা বলেছে? কোন্ ক্ষেত্র থেকে বক্তা একথা বলেছেন তা
আলোচনা কর।